

Denise Fair, MPH,
FACHE
Chief Public Health Officer



Najibah Rehman, MD,
MPH
Medical Director

Detroit Health Department
100 Mack Avenue
Detroit, Michigan 48201

Phone 313•876•4000
Fax 313•877•9244
www.detroitmi.gov/health

মার্চ 2, 2020

প্রিয় ডিপিএসসিডি শিক্ষার্থী, পরিবার এবং কর্মীবৃন্দ:

করোনাভাইরাস (কোভিড -19) হল এমন এক রোগ যার কোনও ভ্যাকসিন এখনও তৈরি হয়নি। এই রোগের প্রাদুর্ভাব ঘটানোর প্রেক্ষাপটে ডেট্রয়েট স্বাস্থ্য বিভাগ (ডিএইচডি) শিক্ষার্থী এবং তাদের পরিবারবৃন্দকে সুরক্ষিত রাখতে ডিপিএসসিডি'র সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করছে।

ডিএইচডি আমাদের কমিউনিটির সকলের সুরক্ষা নিশ্চিত করতে কোভিড-19 সম্পর্কে মিশিগান স্বাস্থ্য ও মানব সেবা বিভাগ, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র, মিশিগান অঙ্গরাজ্য এবং প্রতিবেশী দেশ কানাডার স্বাস্থ্য বিভাগের স্বাস্থ্য বিশেষজ্ঞ, এবং পাশাপাশি স্থানীয় নেতৃবৃন্দ ও স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্রসমূহের সঙ্গে নিয়মিত কথা বলে। এই ভাইরাস সম্পর্কে গণমাধ্যমে প্রচারিত তথ্যাদি অবশ্যই ভয়ঙ্কর বলে মনে হতে পারে। তবে সাধারণ লোকজনের এই ভাইরাসে সংক্রমিত হওয়ার ঝুঁকি কমই আছে। অবশ্য আমরা এখন অন্যান্য দেশে আক্রান্তদের সংখ্যা ছড়িয়ে পড়তে দেখছি এবং মার্কিন যুক্তরাষ্ট্রেও এ রকম বেশ কয়েকজন আছেন, যে কারণে ডেট্রয়েট-ওয়েন মেট্রোপলিটন বিমানবন্দর দিয়ে প্রবেশকারীদের স্বাস্থ্য পরীক্ষা করা হচ্ছে। ডিএইচডি বিশ্বের সুনির্দিষ্ট কতগুলো অঞ্চল থেকে ভ্রমণ করে আসা ডেট্রয়েটবাসীদেরও স্বাস্থ্য পরীক্ষা করছে। মিশিগানে কোভিড-19 রোগে আক্রান্ত হওয়ার **কোন ঘটনা** আজ পর্যন্ত ঘটেনি।

আপনার নিজের এবং পরিবারের সুস্থতা নিশ্চিত করার সর্বোত্তম উপায় হল সবসময় পরিষ্কার-পরিচ্ছন্নতার উত্তম অভ্যাস চর্চা করা:

- কমপক্ষে 20 সেকেন্ডের জন্য সাবান এবং পানি দিয়ে আপনার হাত ধুয়ে ফেলুন বা অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন
- হাত না ধুয়ে আপনার চোখ, নাক বা মুখ স্পর্শ করা এড়িয়ে চলুন
- অসুস্থ লোকজনের সঙ্গে ঘনিষ্ঠ সংস্পর্শ এড়িয়ে চলুন—এবং আপনি নিজে অসুস্থ হলে বাড়িতে অবস্থান করুন!
- কাশি অথবা হাঁচি দেওয়ার সময় টিস্যু দিয়ে নাক-মুখ ঢাকুন এবং আপনার হাত ধুয়ে ফেলুন
- সচরাচর ব্যবহৃত জিনিসপত্র বা পৃষ্ঠতল পরিষ্কার করতে ব্লিচ অথবা অনুরূপ কোন দ্রবন ব্যবহার করুন

আপনার অথবা পরিচিত কারও যদি জ্বর, কাশি, অথবা শ্বাসকষ্ট হয়ে থাকে, এবং সম্ভাব্য এমন কারও সঙ্গে সংস্পর্শ ঘটে থাকে যিনি ভ্রমণ করেছেন অথবা হয়তো কোভিড -19 এর সংস্পর্শে এসেছেন, তাহলে প্রয়োজনীয় নির্দেশনা পেতে অনুগ্রহ করে ডিএইচডির সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে: **313-876-4000**. প্রাদুর্ভাব সম্পর্কে

Denise Fair, MPH,
FACHE
Chief Public Health Officer



Najibah Rehman, MD,
MPH
Medical Director

Detroit Health Department
100 Mack Avenue
Detroit, Michigan 48201

Phone 313•876•4000
Fax 313•877•9244
www.detroitmi.gov/health

আপনার যদি সাধারণ যে কোন প্রশ্ন থাকে, তাহলে দয়া করে আমাদের কল করুন অথবা dhdoutbreak@detroitmi.gov ঠিকানায় ইমেইল করুন। যদি আপনার চিকিৎসা পরিচর্যা দরকার হয়, তাহলে দয়া করে আপনার চিকিৎসককে অথবা হাসপাতালে আগেভাগেই ফোন করে তা জানিয়ে রাখুন, যাতে করে তারা অন্যদের সুরক্ষার জন্য প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করতে পারেন।

আমরা ইনফ্লুয়েঞ্জাসহ সমস্ত ভাইরাসঘটিত অসুস্থতা থেকে সুরক্ষিত থাকার বিষয়টিকে নিরন্তর উৎসাহিত করি, যা চলতি বছর ডেট্রয়েট, মিশিগান এবং মার্কিন যুক্তরাষ্ট্রে বহু লোকজনকে আক্রান্ত করেছে, এবং এখন এগুলোর ভরা মৌসুম চলছে। আপনি এবং আপনার পরিবার যদি ক্লু শট অর্থাৎ ইনফ্লুয়েঞ্জার টিকা না নিয়ে থাকেন, তাহলে জেনে রাখুন যে এটি 6 মাস বা তার বেশি বয়সীরা নিতে পারে। টিকা দেওয়ার জন্য দয়া করে আপনার পরিবারের ডাক্তারকে অথবা 313-876-4667 নম্বরে ফোন করে ডিএইচডি টিকাদান ক্লিনিকের সঙ্গে যোগাযোগ করুন।

এই পরিস্থিতি দ্রুত বদলে যাচ্ছে। সবচেয়ে হালনাগাদ তথ্যের জন্য দয়া করে সিডিসি'র ওয়েবসাইটটি দেখুন, যার ঠিকানা (<https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html>)।

অনুগ্রহ করে এই মর্মে আশ্বস্ত থাকুন যে ডিএইচডি এই রোগের প্রকোপ ঘনিষ্ঠভাবে অনুসরণ করছে, এবং আপনার সুরক্ষা নিশ্চিত করার জন্য আমরা কোভিড-19 এর প্রাদুর্ভাবের বিষয়টিকে অগ্রাধিকার দিচ্ছি।

আপনার বিশ্বস্ত,

ডাঃ নাজিবাহ কে. রেহমান, এমডি, এমপিএইচ
মেডিক্যাল ডিরেক্টর
ডেট্রয়েট স্বাস্থ্য বিভাগ